ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

17 May 2026 7:45 PM AM IST

======================================================================

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মুর আগামী ২৫ শে মে ২০২৬ বর্ষের পদ্ম পুরস্কার প্রদান ।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামী ৩১ শে মে আকাশবাণীর মাধ্যমে প্রচারিত নিয়মিত মনকী বাত অনুষ্ঠান ।

৩) বন্যার পূর্বাভাস এবং বন্যার ফলে হওয়া ক্ষতি হ্রাস করার পরিকল্পনা নিয়ে নেদারল্যান্ডের সঙ্গে অংশীদারিত্ব শক্তিশালী করা হয়েছে বলে মূখ্যমন্ত্রী ড. হিমন্ত বিশ্ব শর্মার প্রকাশ ।

৪) আগামী ২১ শে মে থেকে ষোড়শ আসাম বিধানসভার প্রথম অধিবেশন ।

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু আগামী ২৫ শে মে ২০২৬ বর্ষের পদ্ম পুরস্কারসমূহ প্রদান করবেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় স্বরাষ্ট্র পরিক্রমা মন্ত্রনালয় বলেছে যে রাস্ট্রপতি ভবনে অনুষ্ঠেয় এই এই অনুষ্ঠানে ইতিমধ্যে নাম ঘোসনা করা ব্যাক্তিদের রাষ্ট্রপতি পদ্মবিভুষণ

,পদ্মভূষণ ,ও পদ্মশ্রী পুরস্কার প্রদান করবেন । উল্লেখ্য ২০২৬ বর্ষের জন্য কেন্দ্র সরকার ১৩১ জন ব্যাক্তিকে পদ্ম পুরস্কারের জন্য নির্বাচিত করেছিলো । এরমধ্যে ৫ জনকে পদ্মবিভুষণ ,১৩ জনকে পদ্মভূষণ এবং ১১৩ জনকে পদ্মশ্রী পুরষ্কার প্রদান করা হবে ।পুরস্কার প্রাপকদের মধ্যে ১৯ জন মহিলা রয়েছেন । অন্যদিকে ১৬ জন ব্যাক্তিকে মরণোত্তর এই পুরস্কার প্রদান করা হবে ।১৯৫৪ সাল থেকে এপর্যন্ত প্রতিবছর সাধারণতন্ত্র দিবসের দিন পুরস্কার প্রাপকদের নাম ঘোষনা করা হয় ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১ শে মে আকাশবাণীর মাধ্যমে প্রচারিত নিয়মিত মনকী বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনসাধারণের সঙ্গে মত বিনিময় করবেন । এটি হবে অনুষ্ঠানটির ১৩৪ তম পর্ব । জনসাধারণ এই অনুষ্ঠানের জন্য টোল-ফ্রি নম্বর ১৮০০-১১-৭৮০০ এ ফোন করে তাদের মনের ভাব ব্যাক্ত করা সহ পরামর্শ প্রদান করতে পারবেন । এছাড়া নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাই গভ মুক্ত মঞ্চের মাধ্যমেও মতামত বা পরামর্শ প্রদান করতে পারবেন । জনসাধারণ ১৯২২ মিসকল দিয়ে প্রাপ্ত এস এম এসে উল্লেখ থাকা লিঙ্কে ক্লিক করেও প্রধানমন্ত্রীর কাছে প্রত্যক্ষভাবে পরামর্শ দিতে পারবেন । মন কী বাতের এই পর্বের জন্য ২৯ শে মে পর্যন্ত মতামত ও পরামর্শ প্রেরণ করা যাবে ।

---

আসামের নদীর গতিপথ অধ্যয়ন , বন্যার পূর্বাভাস ও বন্যার ফলে প্রতিবছর রাজ্যে হোয়া ক্ষতি হ্রাস করার পরিকল্পনায় নেদারল্যান্ডের সংগে অংশিদারিত্ব শক্তিশালী  করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা প্রকাশ করেছেন । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর  নেদারল্যান্ড সফরের প্রসংগ উল্লেখ করে মুখ্যমন্ত্রী একথা জানান । তিনি বলেন যে প্রধানমন্ত্রীর আর্ন্তজাতিক সহযোগিতার দ্বারা ভারতের জল ব্যবস্থাপনা অধিক শক্তিশালী করার জন্য অব্যাহত রাখা প্রচেষ্টার ফলে আসাম বহুভাবে লাভবান হবে ।কৃষিক্ষেত্রে জলের  উচিত ব্যবহার , বন্যা নিয়ন্ত্রন , আভ্যন্তরীন জলপথ উন্নয়নের ক্ষেত্রে এই সহযোগীতা নতুন দিক উন্মোচন করবে বলে তিনি জানান ।মুখ্যমন্ত্রী বলেন  যে নেদারল্যান্ড জলসম্পদ ব্যবস্থাপনা , বন্যা নিয়ন্ত্রন ইত্যাদির ক্ষেত্রে বিশ্ব নিদর্শনের সৃষ্টি করেছে ।এই ক্ষেত্রে তাদের গ্রহণ করা প্রযুক্তির সুবিধা ও অভিজ্ঞতা আসামের মতো বন্যা প্রবন ও নদী মাতৃক রাজ্যের জন্য উপযোগী বলে মুখ্যমন্ত্রী মত প্রকাশ করেন । উল্লেখ্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেদারল্যান্ড সফরের সময় কৌশলগত জল সহযোগীতা ও অংশীদারিত্ব শক্তিশালী করার ওপর গুরুত্ব আরোপ করেছেন

..............................................................................................

রাজ্যের প্রতিটি চিকিৎসা মহাবিদ্যালয়ে সরকার একটি করে বি এস সি নার্সিং মহাবিদ্যালয় স্থাপনের পরিকল্পনা করেছে । এছাড়া চিকিৎসা মহাবিদ্যালয়গুলিতে রবটিক অস্ত্রপচার ও কিডনি প্রতিস্থাপনের সুবিধা সম্প্রসারণের বিষয়ে ও চিন্তা ভাবনা করা হচ্ছে ।

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা গতকাল স্বাস্থ্য ও চিকিৎসা শিক্ষা বিভাগের সংশ্লিষ্ট আধিকারিকদের সংগে পর্যালোচনা বৈঠকে মিলিত হন এবং বৈঠকে এধরণের কয়েকটি গুরুত্বপূর্ন বিষয় নিয়ে ও আলোচনা করেন ।স্বাস্থ্য সুরক্ষা ও চিকিৎসা সম্পর্কিত তথ্য বিশ্লেষনে কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার বৃদ্ধি , জাতীয় চিকিৎসালয় ও স্বাস্থ্য সেবা প্রদানকারীর স্বীকৃতি পরিষদ ও জাতীয় পরীক্ষণ তথা মান নিরুপণ পরীক্ষাগারের স্বীকৃতি , স্বাস্থ্য সুরক্ষা প্রকল্পের অধীনে ২ কোটি ৩১ লক্ষের ও বেশী নাগরিককে আয়ুষ্মান কার্ডের সুবিধা প্রদান , সড়ক দূর্ঘটনায় মৃত্যু হোয়া লোকেদের জন্য প্রধানমন্ত্রী রাহত প্রকল্পের অধীনে দেড় লক্ষ টাকা পর্যন্ত সাহায্য প্রদান ইত্যাদি বিষয় নিয়ে ও বৈঠকে আলোচনা করা হয় ।

---

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ সি বি এস ই ভাষা নীতির ক্ষেত্রে বেশকিছু গুরুত্বপূর্ন পদক্ষেপের কথা ঘোষনা করেছে । সেই অনুযায়ি পয়লা জুলাই থেকে নবম শ্রেনীর শিক্ষার্থীদের ২০২৬-২৭ শিক্ষাবর্ষে তিনটি ভাষা অধ্যয়ন করতে হবে । সি বি এস ই র অধীনে সব বিদ্যালয়ে এই নীতি বলবৎ হবে । অবশ্য দশম শ্রেণীর ছাত্র ছাত্রীদের ক্ষেত্রে তৃতীয় ভাষাটির জন্য কোনো ধরণের পরীক্ষা অনুষ্ঠিত করা হবেনা । এর আগে সি বি এস ই ষষ্ঠ শ্রেণী থেকে তিনটি ভাষা শিক্ষার সিদ্ধান্তের কথা প্রকাশ করেছিল ।

---

সমগ্র বিশ্বে আজ বিশ্ব উচ্চ রক্তচাপ দিবস পালন করা হয়েছে । উচ্চ রক্তচাপ সচেতনতা মাসের অংশ হিসেবে এই দিনটি আজ পালন করা হয় । এই দিবসের উদ্দেশ্য হচ্ছে উচ্চ রক্তচাপের বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা , প্রতিরোধ করা , রোগ শণাক্ত করা ,নিয়ন্ত্রণের প্রসার করা এবং ব্যাক্তিগত তথা সামগ্রিক স্বাস্থ্য ব্যাবস্থা উৎসাহিত করা । এই বছরের বিষয়বস্তু হচ্ছে--- একসঙ্গে উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণ করা :রক্তচাপ নিয়মিতভাবে পরীক্ষা করা , নীরব ঘাতককে পরাজিত করা ’।

সমগ্র বিশ্বে প্রায় এক হাজার ৪০০ কোটি লোক উচ্চ রক্তচাপে আক্রান্ত । ফলপ্রসূ ও সুলভ চিকিৎসা ব্যাবস্থা থাকার পরও বহু লোক নিজের অবস্থার বিষয়ে সচেতন না হবার জন্য উচ্চ রক্তচাপে আক্রান্ত প্রতি চার ৪ জন লোকের মধ্যে একজনের রক্তচাপ নিয়ন্ত্রণ করা যায় ।

.................................................................................................

আসাম বিধানসভার চারদিনব্যাপী অধিবেশন আগামী ২১ শে মে থেকে অনুষ্ঠিত হবে । আসাম বিধানসভা সচিবালয়  এর জন্য প্রস্তুতি সম্পূর্ন করে তুলেছে । অধিবেশনের প্রথম দিন সকাল সাড়ে ৯ টা থেকে নবনির্বাচিত বিধায়কদের শপথগ্রহণ প্রক্রিয়া  অনুষ্ঠিত হবে । বিধানসভার অস্থায়ী অধ্যক্ষ চন্দ্রমোহন পাটোয়ারী নবনির্বাচিত বিধায়কদের পদ ও গোপনীয়তার শপথ বাক্য পাঠ করাবেন । ষোড়শ বিধানসভায় নির্বাচিত ১২৬ জন প্রতিনিধির মধ্যে ৪৭ জন হচ্ছেন নতুন বিধায়ক । নতুন জনপ্রতিনিধিরা যাতে কোনো ধরনের অসুবিধার

সম্মুখীন নাহন তারজন্য বিধানসভা সচিবালয় নবনির্বাচিত প্রতিনিধিদের পরিচয় পত্র সংগ্রহ করতে আহ্বান জানিয়েছে ।

........................................................................................................

উত্তর-পূর্ব সীমান্ত রেলের অধীন রেলওয়ে সুরক্ষা বাহিনীর উদ্যোগে গুয়াহাটী-নিউ দিল্লী পূর্বোত্তর সম্পর্কক্রান্তি এক্সপ্রেসে গত ১২ মে থেকে চালানো অভিযানে যাত্রীদের সামগ্রী চুরির ঘটনায় জড়িত থাকার অভিযোগে কয়েকজনকে আটক করা হয়েছে । সুরক্ষা বাহিনী ধৃত ব্যাক্তিদের কাছ থেকে ৩০ হাজার এবং ৩২ হাজার টাকা মূল্যের দুটি মোবাইল সেট উদ্ধার করেছে । উল্লেখ্য যাত্রী নিরাপত্তা সুরক্ষিত করার উদ্দেশ্যে সীমান্ত রেলের অধীন রেলওয়ে সুরক্ষা বাহিনী নিয়মিত এধরনের অভিযান আগামীতেও অব্যাহত রাখবে ।

........................................................................................................

সম্মিলিত সাংস্কৃতিক মঞ্চ শিলচরের # হৃদয়ে রবীন্দ্রনাথ চেতনায় ঊনিশ # শীর্ষক মাসব্যাপী কার্যসূচীর অংশ হিসেবে আজ ১৯ শে এর মহাপথচলা অনুষ্ঠিত হয়েছে । রাঙ্গিরখাড়ি থেকে এই পথচলা শুরু হয়ে জেলা ক্রীড়া সংস্থার মাঠে এসে শেষ হয় । এতে বরাক উপত্যকার ভাষা প্রেমী ,সংস্কৃতিকর্মী ,বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী সহ অন্যান্যরা প্ল্যাকার্ড ,ফেস্টুন ও বিভিন্ন শ্লোগানের মাধ্যমে অংশগ্রহণ করেন ।

........................................................................................................

হাইলাকান্দি পূর্ত বিভাগের কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে গত শুক্রবারের অবিরাম বৃষ্টি ও ভূমিধ্বসের ফলে জেলার পাঁচগ্রাম থানার অধীন মীরাপিং দরগাহের সামনে থাকা আর সি সি সেতুটি ভেঙ্গে পড়ায় যোগাযোগ ব্যবস্থা ব্যাহত হয়ে পড়ে তবে যাতায়াত ব্যবস্থা পুনরায় স্বাভাবিক করে তুলতে ব্যবস্থা গ্রহন করা হয়েছে । বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে এর জন্য  আগামী দু দিনের মধ্যে একটি অস্থায়ী সেতু নির্মান করা হবে ।
এ বিষয়ে কথা বলতে গিয়ে পূর্ত বিভাগের কার্যবাহী আধিকারীক শুভেন্দু দাস আমাদের প্রতিনিধিকে জানান -----

**বাইট**

................................................................................................

শ্রীভূমি জেলার বদরপুরের বগলিগুল এলাকায় গত কয়েক দিনের অবিরাম বৃষ্টিতে একাধিক পরিবার ভূমিধ্বসের ফলে চরম দূর্ভোগের মধ্যে দিন কাটাচ্ছে । ঘটনার খবর পেয়ে উত্তর করিমগঞ্জের বিধায়ক জাকারিয়া আহমেদ আজ ক্ষতিগ্রস্ত পরিবারগুলির সঙ্গে সাক্ষাৎ করে পরিস্থিতির খোঁজখবর নিয়েছেন । পরে বিধায়ক শ্রীআহমেদ বদরপুরের চক্র আধিকারীকের সঙ্গে সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করে অবিলম্বে সরকারী ত্রাণ ও পুর্নবাসনের দাবী করেন ।

................................................................................................

১১৯ ইনফেন্ট্রি ব্যাটেলিয়ান (টেরিটোরিয়াল আর্মি)তে ৯৪ জনের যুব দল যুক্ত হয়েছে । নব নিযুক্ত এই যুবকদের দক্ষতা এবং কৌশলগত প্রশিক্ষনের পর শারিরীক এবং মেডিকেল পরীক্ষা ইতিমধ্যে সম্পন্ন হয়েছে । শিলং-এ অনুষ্টিত এই প্রশিক্ষন কর্মশালায় সামরিক বাহিনীর নিয়মানুবর্তিতা

বজায় রেখে প্রতিকূল পরিস্থিতির মধ্যেও দেশ সেবা সম্পর্কে অবগত করা হয়েছে ।